## জেনে বুঝে সিদ্ধান্ত নিন

নিউ ইয়র্ক শহরের পাবলিক স্কুলগুলিতে তিনটি প্রধান ধরনের ইংরাজি ভাষা শেখার কার্যক্রম আছে: একটি নতুন ভাষা হিসাবে ইংরাজি (ইংলিশ অ্যাস নিউ ল্যাঙ্গুয়েজ, ENL), অন্তর্বর্তী দ্বিভাষিক শিক্ষা (ট্রান্সিশনাল বাইলিঙ্গুয়াল এডুকেশন, TBE), এবং ডুয়াল ল্যাঙ্গুয়েজ বা দ্বৈত ভাষা। বর্তমানে ENL এবং অন্তর্বর্তী দ্বিভাষিক শিক্ষা কার্যক্রমগুলি সবচেয়ে বেশি প্রচলিত কিন্তু দ্বৈত ভাষা কার্যক্রমও ক্রমে ক্রমে বহু জায়গায় চালু করা হচ্ছে।

ইংরাজি ভাষার শিক্ষার্থীদের (ইংলিশ ল্যাঙ্গুয়েজ লার্নার, ELL) পিতামাতাদের তাদের সন্তানের ইংরাজি শেখার জন্য এই তিনটি কার্যক্রম থেকে যেকোনো একটি বেছে নেওয়ার অধিকার আছে। প্রতিটি কার্যক্রমে শিশুদের ইংরাজি ভাষা শিখতে সাহায্য করার জন্য আলাদা আলাদা পদ্ধতি ব্যবহার করা হয়। কোন কার্যক্রমটি আপনার সন্তানের জন্য সবচেয়ে উপযোগী হবে সেটা চিন্তা করার সময় মনে রাখবেন যে কোনও একটি কার্যক্রম একটি শিশুর জন্য ভালো হলেও সেটা অন্য একজনের জন্য সবচেয়ে উপযুক্ত নাও হতে পারে। বয়স এবং ব্যক্তিত্বের ধরনের মতো বিষয়গুলি আপনার সন্তানের সাফল্যকে প্রভাবিত করতে পারে। এছাড়াও শিক্ষকের মান, স্কুল থেকে প্রাপ্ত সহায়তা এবং কোনও নির্দিষ্ট ক্লাসরুম কিভাবে আপনার সন্তানের চাহিদার সঙ্গে খাপ খাচ্ছে, এই বিষয়গুলিও আপনার সন্তানের শিক্ষাকে প্রভাবিত করতে পারে।

আপনি যখন আপনার সন্তানকে স্কুলে ভর্তি করবেন তখন আপনাকে অবশ্যই এই তিনটি কার্যক্রমের সঙ্গে পরিচিত করিয়ে দেওয়া হবে এবং আপনাকে জিজ্ঞাসা করা হবে যে আপনি কোনটি বেছে নিতে চান। আপনার স্কুলে যদি আপনার পছন্দের কার্যক্রমটি না থাকে তাহলে সেটা তৈরি করা তাদের দায়িত্ব হতে পারে। যদি সেটা না হয় তাহলে আপনি আপনার সন্তানকে এমন একটি স্কুলে স্থানান্তরিত করতে পারেন যেখানে সেই কার্যক্রমটি আছে। পিতামাতাদের অধিকার আছে যে তারা তাদের সন্তানের জন্য ENL বা দ্বিভাষিক কার্যক্রমের মধ্যে থেকে একটি বেছে নিতে পারবেন। স্কুলগুলিকে দ্বিভাষিক কার্যক্রম তৈরি করতে হবে যখন:

- K-8ম শ্রেণীর মধ্যে দুটি পরপর শ্রেণীতে একই ভাষার 15 জন বা তার বেশি ELL থাকবে
- 9ম–12শ শ্রেণীর মধ্যে কোনও একটি শ্রেণীতে 20 জন বা তার বেশি ELL থাকবে।

আপনি যখন আপনার সন্তানকে ভর্তি করবেন তখন অবশ্যই সেই স্কুলে কোন কার্যক্রম আছে জিজ্ঞাসা করে নেবেন। আপনার সন্তানের জন্য কোন কার্যক্রমটি সবচেয়ে ভালো হবে সেই সিদ্ধান্ত নিতে সাহায্যের জন্য ক্লাসরুম পরিদর্শন করার এবং শিক্ষকের সঙ্গে কথা বলার জন্য অনুরোধ জানাবেন।

## আমাদের লক্ষ্য

AFC নিউ ইয়র্কে সর্বশ্রেষ্ঠ যে শিক্ষা উপলভ্য আছে সেটা সমস্ত শিক্ষার্থীদের, বিশেষত অন্যান্য বর্ণের এবং নিম্ন আয়ের পটভূমি থেকে আসা শিক্ষার্থীদের পেতে সাহায্য করার লক্ষ্যে কাজ করে। আমরা অনন্যভাবে সুসমন্বিত কৌশল ব্যবহার করে প্রণালীবদ্ধ ভাবে সংস্কারসাধনের কাজ এগিয়ে নিয়ে যাই, পরিবার এবং জনগোষ্ঠীগুলির ক্ষমতায়ন করি এবং প্রত্যেক শিক্ষার্থীর শিক্ষার অধিকারের জন্য পৃষ্ঠপোষকতা করি।

### এখনো কোনও প্রশ্ন আছে ?

**অনুগ্রহ করে জিল চেইফেটজ এডুকেশন হেল্পলাইনে কল করুন**
সোমবার থেকে বৃহস্পতিবার
10AM থেকে 4PM
866-427-6033 (নিঃশুল্ক)

**অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক, ইঙ্ক.**
151 West 30th Street, 5th Floor
New York, NY 10001
ফোন (212) 947-9779
ফ্যাক্স (212) 947-9790
info@advocatesforchildren.org
www.advocatesforchildren.org

AFC-র

# ইংরাজি ভাষার শিক্ষার্থীদের জন্য উপলভ্য বিভিন্ন কার্যক্রম

## নিউ ইয়র্ক সিটির পিতামাতাদের জন্য একটি নির্দেশিকা

অগাস্ট 2015

AFC

Advocates for Children of New York
Protecting every child's right to learn

অ্যাডভোকেটস ফর চিলড্রেন অফ নিউ ইয়র্ক কর্তৃক কপিরাইট © 2015

# একটি নতুন ভাষা হিসাবে ইংরাজি (ENL)

## বৈশিষ্ট্য এবং উদ্দেশ্য সমূহ:

- সবকিছু ইংরাজি ভাষায় শেখানো হয় এবং সেটি এমন স্তরে রাখা উচিৎ যা প্রত্যেক শিক্ষার্থীর ইংরাজি ভাষার দক্ষতার সঙ্গে মেলে।
- শিক্ষক একটি নতুন ভাষা হিসাবে ইংরাজি শেখানোর জন্য প্রশিক্ষণপ্রাপ্ত হন।
- ENL একটি পৃথক ক্লাসে, কোনও বিষয়বস্তুর ক্লাসে (যেমন গণিত, বিজ্ঞান, সোশ্যাল স্টাডিজ) ENL শিক্ষকের ELL শিক্ষার্থীদের সাহায্য করার মাধ্যমে শেখানো হতে পারে বা ELL শিক্ষার্থীদের তাদের বিষয়ের ক্লাস থেকে বের করে ছোট দলে ENL শেখানো যেতে পারে।
- এর মূল লক্ষ্য হল ইংরাজি ভাষা ব্যবহার করে বিষয়ের জ্ঞান অর্জন করা (গণিত, বিজ্ঞান, পাঠ ইত্যাদি)
- যখন শিক্ষার্থীরা ইংরাজি ভাষায় একটি নির্দিষ্ট দক্ষতা অর্জন করে তখন তারা এই কার্যক্রম থেকে বেরিয়ে আসে।

## সুবিধা:

- শিক্ষার্থীর জন্য উপযুক্ত স্তরে ইংরাজি ব্যবহার করা হয়।
- শিক্ষার্থীদের ধীরে ধীরে সময়ের সাথে সাধারণ (একক ভাষা ইংরাজি) শিক্ষাদানে স্থানান্তরিত করা হয়।
- শিক্ষার্থীরা আলাদা করে নেওয়া ENL ক্লাসরুমে বেশি স্বচ্ছন্দ বোধ করতে পারে এবং যেহেতু সব শিক্ষার্থীরা ইংরাজি শিখছে তাই ঝুঁকি নিতে চাইতে পারে।
- শিক্ষার্থীরা শিক্ষার বিষয়গুলি ইংরাজিতে শেখে।

## অসুবিধা:

- শিক্ষার্থীর মাতৃভাষার প্রতি কোনও মনোযোগ দেওয়া হয় না।
- ENL ক্লাসে কোনও ইংরাজি ভাষাভাষী থাকে না এবং সহপাঠীরা বিভিন্ন মাতৃভাষায় কথা বলতে পারে।
- শিক্ষার্থীদের তাদের স্কুলের কাজ তাদের মাতৃভাষায় বুঝিয়ে দেওয়ার জন্য কোনও সাহায্য পায় না।
- শিক্ষার্থীদের নতুন একটি ভাষায় সবকিছু আবার শুরু করতে হচ্ছে বলে হতাশ হয়ে পড়তে পারে।
- ক্লাসের বাইরে ENL ক্লাসে যাওয়ার জন্য শিক্ষার্থীরা তাদের বিষয়গুলিতে যা শেখানো হচ্ছে সেটা শেখার সুযোগ হারাতে পারে।

# অন্তর্বর্তী দ্বিভাষিক শিক্ষা (TBE)

## বৈশিষ্ট্য এবং উদ্দেশ্য সমূহ:

- শিক্ষার্থীরা পাঠক্রমের বিষয়গুলি ইংরাজি এবং তাদের নিজের ভাষায় শেখে।
- ক্লাসের সমস্ত শিক্ষার্থীরা একই মাতৃভাষায় কথা বলে।
- শিক্ষক সেই মাতৃভাষায় কথা বলেন।
- প্রত্যেক অন্তর্বর্তী দ্বিভাষিক শিক্ষা কার্যক্রমে ENL শিক্ষাদান অন্তর্ভুক্ত করতে হবে।
- শিক্ষার্থীরা ইংরাজি ভাষায় পারদর্শী হয়ে ওঠার সঙ্গে সঙ্গে তাদের মাতৃভাষায় শিক্ষাদানের পরিমাণ কমানো হয়।
- এর উদ্দেশ্য হল মাতৃভাষায় শিক্ষার্থীর জ্ঞান এবং দক্ষতাকে ব্যবহার করে তাদের ইংরাজি ভাষায় পারদর্শী হয়ে উঠতে সাহায্য করা।
- যখন তারা ইংরাজি ভাষায় দক্ষতার একটি নির্দিষ্ট স্তরে পৌঁছায় তখন তারা এই কার্যক্রম থেকে বেরিয়ে আসে এবং তাদের একক ভাষার ইংরাজি ক্লাসে স্থানান্তরিত করা হয়।

## সুবিধা:

- ক্লাসরুমের শিক্ষক উভয় ভাষা জানেন এবং উভয় ভাষায় শিক্ষাদান করেন।
- শিক্ষার্থীরা নতুন ভাষা শেখার জন্য তাদের মাতৃভাষা ব্যবহার করে।
- শিক্ষার্থীরা তাদের শ্রেণীর স্তরের বিষয়গুলি মাতৃভাষায় শিখতে থাকে।

## অসুবিধা:

- ENL কার্যক্রমের তুলনায় অন্তর্বর্তী দ্বিভাষিক শিক্ষা কার্যক্রমের সংখ্যা কম কিন্তু কোনও স্কুলে যদি যথেষ্ট সংখ্যক ELL থাকে তাহলে সেই স্কুলকে অবশ্যই একটি অন্তর্বর্তী দ্বিভাষিক শিক্ষা কার্যক্রম তৈরি করতে হবে। “জেনে বুঝে সিদ্ধান্ত নিন” দেখুন।

# দ্বৈত ভাষা

## বৈশিষ্ট্য এবং উদ্দেশ্য সমূহ:

- ইংরাজি ভাষাভাষী এবং ইংরাজি ভাষাভাষী নয় (যারা একই মাতৃভাষায় কথা বলেন) এমন শিক্ষার্থীদের একসঙ্গে একই ক্লাসরুমে শিক্ষাদান করা হয়।
- শিক্ষাদানের অর্ধেক ইংরাজি ভাষায় এবং বাকি অর্ধেক শিক্ষার্থীদের মাতৃভাষায় করা হয়।
- এর উদ্দেশ্য হল সমস্ত শিক্ষার্থীদের উভয় ভাষায় সাবলীল করে তোলা।
- দ্বৈত ভাষার কার্যক্রমের শিক্ষার্থীদের কিন্ডারগার্টেন থেকে 12শ শ্রেণী পর্যন্ত উভয় ভাষায় শিক্ষাদান করা যায়।

## সুবিধা:

- শিক্ষার্থীরা তাদের শেখার অর্ধেক সময় এমন একজন শিক্ষকের সঙ্গে অতিবাহিত করে যিনি শুধুমাত্র অনূদিত ভাষায় (অ-ইংরাজি) ভাষায় কথা বলেন এবং বাকি অর্ধেক সময় এমন শিক্ষকের সঙ্গে অতিবাহিত করে যিনি কেবলমাত্র ইংরাজি ভাষায় শিক্ষাদান করেন।
- শিক্ষার্থীরা নতুন ভাষা শেখার জন্য তাদের মাতৃভাষা ব্যবহার করে।
- শিক্ষার্থীরা সাংস্কৃতিক বৈচিত্র্যের গুণগ্রাহী হতে শেখে এবং বিভিন্ন ধরনের সংস্কৃতি সম্বন্ধে তাদের বোধ গড়ে ওঠে।

## অসুবিধা:

- দ্বৈত ভাষা কার্যক্রম সব স্কুলে, শ্রেণীতে বা ভাষায় ব্যাপকভাবে উপলব্ধ নয়, কিন্তু যদি কোনও স্কুলে যথেষ্ট সংখ্যক ELL থাকে তাহলে স্কুলটির সেটি তৈরি করা উচিৎ।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে AFC-র নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলির জন্য অভিবাসী পরিবারগুলির আইনি অধিকারের নির্দেশিকা দেখুন যা এখানে পেতে পারেন www.advocatesforchildren.org.